যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর
জেনারেল ম্যানেজার এর কার্যালয়
pbs1.jessore.gov.bd

স্মারক নং- ২৭.১২.৪১৪৭.৫১০.০২.০০৮.২৩.৪৮-৮২ তারিখঃ ২৮ ভাদ্র, ১৪৩০ বঙ্গাব্দ
১২ সেপ্টেম্বর, ২০২৩ খ্রিস্টাব্দ

# আন্তঃপবিস নিয়োগ বিজ্ঞপ্তি

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর নিয়োক্ত চুক্তিভিত্তিক পদে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর নিমিত্তে শুধুমাত্র পল্লী বিদ্যুৎ সমিতির প্রাক্তন মিটার রিডার/ ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের নিকট থেকে নিম্নবর্ণিত যোগ্যতা ও শর্তাবলী প্রতিপালন সাপেক্ষে আবেদন পত্র আহ্বান করা যাচ্ছে।

| ক্রঃ নং | পদের নাম | বেতনস্কেল | প্রার্থীর শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|---|
| ০১ | মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) | পবিস বেতন কাঠামো-২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৪,৭০০/- হতে ২৬,৪৮০/- টাকা অথবা সর্বশেষ কর্মরত পবিসের শেষ বেতনের প্রত্যয়নপত্র অনুযায়ী বেতন ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন। | **০১। অভিজ্ঞতাঃ** আগ্রহী প্রার্থীর মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কমপক্ষে ০৩ (তিন) বছর/ ০৬ (ছয়) বছর/ ০৯ (নয়) বছর সন্তোষজনক ভাবে কর্ম সম্পাদনের অভিজ্ঞতা থাকতে হবে।<br>**০২। শিক্ষাগত যোগ্যতাঃ** বাপবিবোর্ডের স্মারক নং- ২৭.১২. ০০০০. ১১০. ৫৮.০০১.১৮.৩৪১৫ তারিখ- ১৬/১০/২০১৮ইং এর নির্দেশনা অনুযায়ী শিক্ষাগত যোগ্যতা মূল্যায়ন করা হবে।<br>**০৩। বয়স সীমাঃ** প্রার্থীর বয়সসীমা সর্বোচ্চ ৫২ বৎসর (দরখাস্ত গ্রহণের সর্বশেষ সময় **২৬/০৯/২০২৩ ইং** তারিখে) হতে হবে। সর্বোচ্চ ০৯ বছর বা ৫৫বছর বয়স পর্যন্ত (যা আগে আসে) চাকুরী করতে পারবেন।<br>**০৪। অন্যান্য যোগ্যতাঃ**<br>(ক) প্রার্থীকে সৎ, বিশ্বস্থ, মার্জিত ব্যক্তিত্ব, সুঠাম দেহ ও সুস্বাস্থ্যের অধিকারী হতে হবে।<br>(খ) প্রার্থীর নিজস্ব বাইসাইকেল থাকতে হবে এবং বাইসাইকেল চালনায় পারদর্শী হতে হবে। |

## শর্তাবলীঃ

০১। **আবেদন পুরণ ও জমাদানঃ** আগ্রহী প্রার্থীগণ যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এর ওয়েবসাইটঃ www.pbs1.jessore.gov.bd হতে আবেদন ফরম (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-১) $A_4$ কাগজে ডাউনলোড পূর্বক স্ব-হস্তে পূরণ করে আগামী **২৬/০৯/২০২৩ খ্রিঃ** তারিখ অফিস চলাকালীন সময়ের মধ্যে জেনারেল ম্যানেজার, যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১, তপসীডাঙ্গা, যশোর এর বরাবরে ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদনপত্র পৌঁছাতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত সাদা কাগজে ও টাইপকৃত কোন আবেদন এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বলে বিবেচিত হবে না।

০২। **আবেদন পত্রের সাথে নিম্নোক্ত কাগজপত্র সংযুক্ত করতে হবেঃ**

(ক) সাম্প্রতিক তোলা পাসপোর্ট সাইজের ০৩ (তিন) কপি সত্যায়িত ছবি ;

(খ) প্রয়োজনীয় সকল কাগজপত্র প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা অথবা বিআরইবি/পবিস এর কর্মকর্তা কর্তৃক (নাম ও পদবী সম্বলিত সীলসহ) সত্যায়িত হতে হবে ;

(গ) জাতীয় পরিচয় পত্র /জন্ম সনদ এর সত্যায়িত ফটোকপি ;

(ঘ) ইউনিয়ন পরিষদ/ পৌরসভা মেয়র/ওয়ার্ড কমিশনার কর্তৃক প্রদত্ত নাগরিকত্ব সনদপত্র ;

(ঙ) সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার কর্তৃক প্রদত্ত "অভিজ্ঞতা সনদ" যা এজিএম (প্রশাসন/এইচ.আর) কর্তৃক সত্যায়িত থাকতে হবে এবং বর্ণিত সনদে সর্বশেষ বেতন উল্লেখ থাকবে ;

(চ) এছাড়াও অভিজ্ঞতার সনদপত্র, প্রার্থীর আবেদনপত্রে পূর্ব অভিজ্ঞতার (বৎসর ভিত্তিক অর্থাৎ প্রতিটি চুক্তিকাল তারিখ সহ ছকে উল্লেখ পূর্বক) বর্ণনা, জন্ম তারিখ, বর্তমান বয়স ইত্যাদি স্পষ্টভাবে কোন পবিসে কত তারিখ হতে কত তারিখ পর্যন্ত দায়িত্ব পালন করেছেন/করছেন তা উল্লেখ করতে হবে।

০৩। **চুক্তির সময়কালঃ** নির্বাচিত প্রার্থীকে ০৩ (তিন) বছর মেয়াদে চুক্তিভিত্তিতে নিয়োগ করা হবে। চুক্তিকালীন সময়ে প্রতি বছর ১ম পক্ষ কর্তৃক ২য় পক্ষের কর্মমূল্যায়ন করা হবে। কর্মমূল্যায়ন সন্তোষজনক বিবেচিত হলে চলমান চুক্তির মেয়াদ সমাপনান্তে ১ম পক্ষের সম্মতিক্রমে ন্যূনতম ০১/০২ (এক/দুই) টি কর্মদিবসের ব্যবধানে পরবর্তী ০৩ (তিন) বৎসরের জন্য পুনরায় চুক্তি সম্পাদন করা যেতে পারে। অতঃপর একইভাবে সন্তোষজনক কর্মমূল্যায়ন সাপেক্ষে ৩য় চুক্তি সম্পাদিত হবে তবে সর্বোচ্চ ০৯ (নয়) বছর (৩+৩+৩) বা ৫৫ বছর বয়স পর্যন্ত (যে টি আগে আসে) অত্র সমিতিতে চাকুরীতে নিয়োজিত থাকতে পারবেন।

[অপর পৃষ্ঠা দ্রষ্টব্য]

[পূর্ব পৃষ্ঠার পর হতে]

**০৪। অন্যান্য শর্তাবলীঃ**

(ক) প্রাপ্ত আবেদনসমূহ নিয়োগ কমিটি কর্তৃক যাচাই-বাছাই পূর্বক জ্যেষ্ঠতা নির্ধারণের ক্ষেত্রে বাপবিবোর্ডের স্মারক নং-২৭.১২.০০০০.১১০.৫৮.০০১.১৮.৩৬২৫ তারিখ- ১২/১১/২০১৮ খ্রিঃ এর নির্দেশনা অনুসরণ করা হবে।

(খ) নিয়োগ প্রাপ্ত প্রার্থীকে অত্র সমিতির অনুকূলে ১০,০০০/- (দশ হাজার) টাকা নিরাপত্তা জামানত হিসাবে জমা দিতে হবে, যা সন্তোষজনক চুক্তি সমাপনান্তে নির্ধারিত হারে মুনাফাসহ ফেরত দেয়া হবে।

(গ) কোন সমিতির সহিত চলমান চুক্তির মেয়াদ উত্তীর্ণের পূর্বে শৃঙ্খলা জনিত কারণে বা স্বেচ্ছায় অব্যাহতি প্রাপ্ত/অপসারিত/বরখাস্ত/চাকুরীচ্যুত/দেশের কোন ফৌজদারী আদালত কর্তৃক দন্ডপ্রাপ্ত হলে তাদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঘ) যশোর পবিস-১ এর ভৌগোলিক এলাকার স্থায়ী বাসিন্দা এবং ইতোপূর্বে অত্র পবিসে মিটার রিডার/ম্যাসেঞ্জার/মিটার রিডার-কাম- ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে কর্মরত ছিলেন তাঁদের আবেদন করার প্রয়োজন নাই।

(ঙ) অত্র সমিতির এলাকা পরিচালক/মহিলা পরিচালক এবং সমিতিতে কর্মরত কর্মকর্তা/কর্মচারীদের রক্তের সম্পর্কিত প্রার্থীদের আবেদন করার প্রয়োজন নাই।

(চ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার এর চাকুরী শুধুমাত্র চুক্তির মেয়াদকালীন সময়ের জন্যই বলবৎ থাকবে যা কোনক্রমেই নিয়মিত হবে না।

(ছ) চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ বিদ্যুৎ সংক্রান্ত ব্যবসা, রাজনীতি, অন্য কোন প্রতিষ্ঠানের চাকুরীতে সার্বক্ষণিক বা খন্ডকালীন ভাবে নিয়োজিত হতে /থাকতে পারবেন না।

(জ) প্রতারণামূলকভাবে স্থায়ী ঠিকানা ভুল দিলে অথবা তথ্য গোপন করে কোন প্রার্থী আবেদন করলে/নিয়োগ প্রাপ্ত হলে তার বিরুদ্ধে কোন কারণ দর্শানো ব্যতিরেকে তাৎক্ষণিকভাবে নিয়োগ বাতিলসহ চাকুরী থেকে বরখাস্ত করা হবে।

(ঝ) বিভিন্ন পল্লী বিদ্যুৎ সমিতিতে চুক্তিভিত্তিতে নিয়োজিত মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জারগণ তাদের চুক্তির মেয়াদ সন্তোষজনকভাবে শেষ না হওয়া পর্যন্ত অত্র সমিতিতে নিয়োগের জন্য উপযুক্ত হিসাবে গণ্য হবেন না। তবে সর্বশেষ চুক্তির মেয়াদ শেষ হওয়ার পূর্ববর্তী ০৩ (তিন) মাসের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অত্র সমিতিতে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন।

(ঞ) দুই বা তার অধিক সহোদর বিজ্ঞপ্তি অনুযায়ী আবেদন করলেও একজনের বেশি নিয়োগ প্রাপ্ত হবেন না। দুই সহোদর নিয়োগ প্রাপ্ত হলেও পরবর্তীতে তা প্রমাণিত হলে নিয়োগ প্রাপ্ত সহোদরের চুক্তি বাতিল করা হবে।

(ট) চাকুরীতে যোগদানের পর মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) গণের পুলিশ ভেরিফিকেশন সম্পাদন করা হবে এবং সন্তোষজনক পুলিশ ভেরিফিকেশন ব্যতীত চুক্তি নবায়ন করা হবে না। পুলিশ ভেরিফিকেশন সন্তোষজনক না হলে চুক্তি বাতিল পূর্বক অব্যাহতি প্রদান করা হবে।

(ঠ) অসম্পূর্ণ/ভুল আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে। নিয়োগ সংক্রান্ত যে কোন বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত বলে গণ্য হবে।

১২/৯/২৩

**(আবু বকর শিবলী)**
জেনারেল ম্যানেজার

**অনুলিপিঃ**

০১। নির্বাহী পরিচালক, বাপবিবোর্ড, ঢাকা।
০২। পরিচালক, পবিস মনিটরিং ও ব্যঃ পঃ (পঃঅঃ)/পবিস মানব সম্পদ পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা।
০৩। সিনিয়র সিষ্টেম এনালিষ্ট, আইসিটি পরিদপ্তর, বাপবিবোর্ড, ঢাকা: বাপবিবোর্ডের ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ।
০৪। সিনিয়র জেনারেল ম্যানেজার/জেনারেল ম্যানেজার ...............১/২/৩/৪।
০৫। একান্ত সচিব, চেয়ারম্যান মহোদয়, বাপবিবোর্ড, ঢাকা।
০৬। ডিজিএম, সদর দপ্তর-কারিগারী/বাঘারপাড়া/চৌগাছা/ঝিকরগাছা/শার্শা জোনাল অফিস, যশোর পবিস-১।
০৭। এজিএম (ওএন্ডএম), বাগআঁচড়া/বাঁকড়া/রূপদিয়া/খাজুরা/বেনাপোল/পুড়াপাড়া সাব-জোনাল অফিস, যশোর পবিস-১।
০৮। এজিএম (অর্থ-হিসাব/অর্থ-রাজস্ব/সদস্য সেবা/ইএন্ডসি/ওএন্ডএম/প্রশাসন), যশোর পবিস-১।
০৯। এজিএম (আইটি), যশোর পবিস-১ এর ওয়েব সাইটে প্রকাশের জন্য নির্দেশ প্রদান করা হল।
১০। নোটিশ বোর্ড, সদর দপ্তর, যশোর পবিস-১।
১১। অফিস কপি/মাস্টার কপি।

১২/৯/২৩
জেনারেল ম্যানেজার

পমাসপ ১১০-০০২ ভার্সস-০১
অনুমোদিতঃ ২৪/০৪/২০১৪ খ্রিঃ
ফরম নং- পমাসপ ১১০-০০২, ভার্সন-০১

যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১

**যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১ এ মিটার রিডার-কাম-ম্যাসেঞ্জার (চুক্তিভিত্তিক) পদে নিয়োগ/প্যানেল তৈরীর আবেদন ফরম।**
**(সংশ্লিষ্ট স্থান প্রার্থীকে স্বহস্তে পূরণ করতে হবে)**

পাসপোর্ট সাইজের এক কপি ছবি এ ঘরে আইকা/আঠা দিয়ে লাগিয়ে ছবির উপর ১ম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা দ্বারা সত্যায়িত করতে হবে।

জেনারেল ম্যানেজার
যশোর পল্লী বিদ্যুৎ সমিতি-১
তপসীডাঙ্গা, যশোর।

১. নিয়োগ বিজ্ঞপ্তি নং-......................

.....................................
২. আবেদনকৃত পদের নাম
(বিজ্ঞপ্তিতে যেভাবে উল্লেখ আছে)

.......................................
৩. পদের ধরনঃ

.............................................
৪. বিজ্ঞাপনের সূত্র / পত্রিকার নাম

.....................................................
৫. প্রকাশনার তারিখ

.............................................
৬. আবেদনকারীর পূর্ণ নাম (বাংলায়)

.......................................
(ইংরেজিতে বড় হাতের অক্ষরে)

....................................................................
৭. জন্ম তারিখ (এস.এস.সি. পরীক্ষার সনদ/নিবন্ধন অনুযায়ী)

.............................................
৮. পিতার নাম

.........../.........../............(দিন/মাস/বছর)
৯. বয়স (২৬/০৯/২০২৩খ্রিঃ তারিখে)

.................................................
১০. মাতার নাম

..............................................................
১১. ধর্ম

.................................................
১২. জাতীয়তা

..............................................................
১৩. নিজ জেলা

........................................
১৪. টেলিফোন / মুঠো ফোন নম্বর

..................
১৫. রক্তের গ্রুপঃ

১৬. বৈবাহিক অবস্থা (টিক (√) দিন) ☐ বিবাহিত ☐ অবিবাহিত

১৭. স্থায়ী ঠিকানাঃ

| | | | |
|---|---|---|---|
| ......................... | ...................... | ........................ | .............................. |
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

১৮. যে ঠিকানায় প্রার্থী নিয়োগ পত্র (নিয়োগ পাওয়ার ক্ষেত্রে প্রযোজ্য) পেতে ইচ্ছুকঃ

| | | | |
|---|---|---|---|
| ......................... | ...................... | ........................ | .............................. |
| ক. গ্রাম/সড়ক/বাড়ী | খ. ডাকঘর | গ. উপজেলা/থানা | ঘ. জেলা |

**১৯. প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার বিবরণ (বিজ্ঞাপনের শর্তানুযায়ী পূরণ করতে হবে):**

| উত্তীর্ণ পরীক্ষার নাম | শিক্ষা প্রতিষ্ঠানের নাম | সিজিপিএ /বিভাগ/ শ্রেণী | | সার্টিফিকেট/ ডিগ্রী অর্জনের বছর |
|---|---|---|---|---|
| | | সিজিপিএ স্কেল | প্রাপ্ত বিভাগ/ শ্রেণী/ গ্রেড | |
| | | | | |
| | | | | |

**২০. অভিজ্ঞতার বিবরণ (সনদ দ্বারা সমর্থিত হতে হবে):**

**২১. প্রাক্তন ও বর্তমান চাকুরী কালানুক্রমিক বিবরণ (শুধুমাত্র প্রযোজ্য ক্ষেত্রে):**

| ইতোপূর্বে কর্মরত পবিসের নাম | চাকুরীকাল | যোগদানের তারিখ | চাকুরী পরিত্যাগের তারিখ |
|---|---|---|---|
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |
| | | | |

**২২. প্রার্থী সম্পর্কে জ্ঞাত দুইজন দায়িত্বশীল ব্যক্তির পরিচয় (আত্মীয় ব্যতীত):**

| নাম, পদবী / পেশা, ঠিকানা, টেলিফোন/ মুঠো ফোন নম্বর এবং ই-মেইল ঠিকানা (যদি থাকে) | |
|---|---|
| ১। | |
| ২। | |

আমি অঙ্গীকার করছি যে, একজন প্রার্থী হিসেবে উপরে বর্ণিত যে সকল তথ্যাদি স্বহস্তে লিপিবদ্ধ করেছি, তা আমার জ্ঞাতসারে সঠিক। যদি আবেদনপত্রে কোন তথ্য গোপন অথবা ভুল কিংবা অসত্য তথ্য প্রদান করে থাকি অথবা নিয়োগ বিজ্ঞপ্তির সকল শর্ত পূরণ করা হয়নি বলে পরবর্তীতে প্রমাণিত হয়, তাহলে পবিস কর্তৃপক্ষের নিকট আবেদনকৃত পদে নিয়োগের ক্ষেত্রে অযোগ্য বলে বিবেচিত হবো এবং আমার বিরুদ্ধে পবিস কর্তৃপক্ষ আইনানুগ ব্যবস্থা গ্রহণ করলে আমি তা মানতে বাধ্য থাকবো।

..................................... তারিখ

............................................... আবেদনকারীর স্বাক্ষর

Rouf